তৃণমূল কর্মীকে অপহরণের অভিযোগ

বুধবার রাতে বরাবাজার ব্লকের ভাগাবাঁদ গ্রাম পঞ্চায়েতের সোনাইডুংরি গ্রামের তৃণমূল কংগ্রেসের কর্মী সন্তোষ মাহাতোকে অপহরণের অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে

মোদির আয়ুষ্মান প্রকল্পে টাকা দেবে না রাজ্য

কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে বিনামূল্যে পড়ানো হবে ঃ মুখ্যমন্ত্রী

কৃষ্ণনগর, ১০ জানুয়ারি ঃ কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ের উদ্বোধনের দরাজহস্ত মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার নদিয়ায় কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে জানিয়ে দিলেন, এই বিশ্ববিদ্যালয়ে সম্পূর্ণ বিনামূল্যে পড়ানো হবে ছাত্রীদের। তিনি বলেন, কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য টাকা তো নেওয়া হবেই না বরং কলা বিভাগের ছাত্রীদের জন্য রাজ্য সরকার ২ হাজার টাকা এবং বিজ্ঞান বিভাগের ছাত্রীদের জন্য ২৫০০ টাকা স্কলারশিপ দেবে। শুক্রবারও উদ্বোধন করতে চলেছেন আরও একটি বিশ্ববিদ্যালয়ের। নদিয়ায় দু-দিনের সফর শেষ করে উত্তর ২৪ পরগনায় শুক্রবার হরিচাঁদ-গুরুচাঁদ বিশ্ববিদ্যালয় উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

এদিন কৃষ্ণনগরে সভা করেন মুখ্যমন্ত্রী। সেই মঞ্চ থেকে কেন্দ্রের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে তিনি বলেন, মোদি সরকারের আচরণ হিটলার-মুসোলিনির থেকেও ভয়ংকর। তিনি বলেন, চাষিদের বিমা দিচ্ছে রাজ্য সরকার। আর কেন্দ্র কৃতিত্ব দাবি করছে। কেন্দ্রের আয়ুষ্মান ভারত প্রকল্পে ৪০ শতাংশ অর্থই রাজ্যকে দিতে হয়। তা সত্ত্বেও নরেন্দ্র মোদি সম্পূর্ণ রাজনৈতিক স্বার্থ কায়েম করার জন্য নিজের নামে বিজ্ঞাপন করে চলেছেন। আয়ুষ্মান ভারত স্বাস্থ্য যোজনার ১০ কোটি পরিবারের প্রায় ৫০ কোটি মানুষকে সুবিধা দেওয়া হবে বলে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে। এতে ৫ লক্ষ টাকার স্বাস্থ্যবিমা পায় প্রতিটি পরিবার। যার মধ্যে ৪০ শতাংশই রাজ্যকে দিতে হয়। তা সত্ত্বেও রাজ্যের নাম থাকে না।

তাই এদিন মুখ্যমন্ত্রী জানিয়ে দিয়েছেন, আয়ুষ্মান প্রকল্পে আর কোনো টাকা দেবে না রাজ্য। তাঁর অভিযোগ, সরকারি কর্মসূচিগুলিকে দলীয় প্রচারের জন্য খোলাখুলি ব্যবহার করছে বিজেপি। পোস্ট অফিস থেকে রাজ্যের চিঠি পাঠাচ্ছে প্রধানমন্ত্রীর ছবি দিয়ে। এসব মেনে নেওয়া যায় না। তিনি অন্যান্য রাজ্য সরকারের উদ্দেশ্যেও বলেন, কেন্দ্র রাজ্যের কাজ নিজেদের নাম দিয়ে চালাচ্ছে। আপনারা নজর রাখুন। সেইসঙ্গে মুখ্যমন্ত্রী দাবি করেছেন, রাজ্যের মানুষের থেকে কেন্দ্রীয় সরকার আয়কর তুলে নিলে তার ভাগ রাজ্যকে দিতে হবে।

কৃষ্ণনগরের সভা থেকে মুখ্যমন্ত্রী কেন্দ্রকে তোপ দেগে বলেন, সংরক্ষণ নিয়েও মোদি সরকার রাজনীতি করছে। ৫০ শতাংশ সংরক্ষণকে ৬০ শতাংশে নিয়ে যাওয়া হচ্ছে। এতে ক্ষতি হচ্ছে উচ্চবর্ণের মানুষেরই। সাধারণ প্রার্থীদের বরাদ্দ থেকে ১০ শতাংশ কমে যাওয়ায় আরও বেশি চাকরির সংকট তৈরি হবে বলে তাঁর দাবি।

তিনি বলেন, যাদের সত্যিই চাকরি প্রয়োজন তারা পাবে না। ভোটের আগে ভাঁওতা, প্রহসন আর লুঠের রাজনীতি চালাচ্ছে মোদি সরকার। এদিন সিবিআই প্রসঙ্গেও মোদি সরকারকে তোপ দাগেন মুখ্যমন্ত্রী।

এই বিশ্ববিদ্যালয়ে সম্পূর্ণ বিনামূল্যে পড়ানো হবে ছাত্রীদের। কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য টাকা তো নেওয়া হবেই না বরং কলা বিভাগের ছাত্রীদের জন্য রাজ্য সরকার ২ হাজার টাকা এবং বিজ্ঞান বিভাগের ছাত্রীদের জন্য ২৫০০ টাকা স্কলারশিপ দেবে।

– মমতা বন্দ্যোপাধ্যায়

নবদ্বীপ-মায়াপুরকে হেরিটেজ সিটি ঘোষণা

পলাশি পর্যটনকেন্দ্র

হবিবপুর (নদিয়া), ১০ জানুয়ারি ঃ গৌরাঙ্গ মহাপ্রভুকে স্মরণ করে নবদ্বীপ-মায়াপুরে সারা রাজ্য তথা দেশ-বিদেশ থেকে ভক্তকুলের সমাগম লেগে থাকে সারা বছর। তাই শতাব্দীপ্রাচীন নবদ্বীপ-মায়াপুরকে হেরিটেজ সিটি হিসেবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে পলাশির যুদ্ধকে স্মরণ করে পলাশিতে পর্যটনকেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্তও নিয়েছেন। নদিয়া সফরে এসে জেলাশাসক সুমিত গুপ্তের কাছে মুখ্যমন্ত্রী জানতে চান, হেরিটেজ সিটি এবং পর্যটনকেন্দ্রের কাজ কতদূর এগোল। জমি নিয়ে কোনো সমস্যা আছে কিনা তা নিয়েও খোঁজ নেন তিনি। জেলাশাসক জানিয়েছেন, জমির কোনো সমস্যা নেই। তারপরই মুখ্যমন্ত্রীর নির্দেশ, যত তাড়াতাড়ি সম্ভব এই দুটি কাজ শেষ করে ফেলতে হবে। সেইসঙ্গে হরিণঘাটায় ই-কমার্স কোম্পানিকে জমি দেওয়ার নির্দেশ দেন।

নদিয়ায় এক্সপোর্ট হাবের কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। জানিয়েছেন, নদিয়ার উন্নয়নে কালনা থেকে শান্তিপুর পর্যন্ত ১১০০ কোটি টাকা খরচ করে সেতু তৈরি হচ্ছে। যার ফলে উপকৃত হবেন জেলার মানুষজন। পাশাপাশি জানিয়েছেন, এরাজ্যে ডিমের চাহিদা প্রচুর। তাই জেলাপরিষদের নির্বাচিত সদস্য এবং বিধায়কদের নির্দেশ দিয়েছেন যেন মুরগি পালন করতে সহযোগিতা করা হয়। তাতে ডিমের চাহিদাও মিটবে এবং জেলার গরিব মানুষদের স্বনির্ভর হতে সাহায্য করা যাবে।

এসএসসির প্রশ্ন বিভ্রান্তি

দাবি সঠিক হলে সুযোগ

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ এসএসসির কর্মশিক্ষা ও শারীরশিক্ষার পাঁচটি প্রশ্নের উত্তর নিয়ে মামলাকারীর দাবি সঠিক হলে সুযোগ দেওয়া হবে ইনটারভিউ ও কাউন্সেলিংয়ে। এই বিষয়টি হাইকোর্টে জানাল স্কুল সার্ভিস কমিশন। ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের কর্মশিক্ষা ও শারীরশিক্ষার পাঁচটি প্রশ্নের উত্তর নিয়ে বিভ্রান্তি তৈরি হয়। এর মধ্যে তিনটি প্রশ্নের উত্তরের অপশানে দেওয়া দুটি উত্তর সঠিক, যেটা আগেই মেনে নিয়েছে স্কুল সার্ভিস কমিশন। আরও দুটি প্রশ্নের উত্তরের বিভ্রান্তি কাটাতে স্কুল সার্ভিস কমিশনকে হাইকোর্টে রিপোর্ট পেশের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায়। কিন্তু বৃহস্পতিবার হাইকোর্টে স্কুল সার্ভিস কমিশনের আইনজীবী জানান, আবেদনকারীর দাবি যদি সঠিক হয় তাহলে তাকে ইনটারভিউ ও কাউন্সেলিংয়ে বসার সুযোগ দেওয়া হবে। এবং যে দুটি প্রশ্নের উত্তর নিয়ে এখনও বিভ্রান্ত কাটেনি সে ব্যাপারে আগামী মঙ্গলবার হাইকোর্টে রিপোর্ট দেবে স্কুল সার্ভিস কমিশন।

কৃষক সংগঠন মজবুত করতে জোর কংগ্রেসের

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ কংগ্রেস এবারে দেশজুড়ে কৃষক ও খেতমজুর সংগঠন মজবুত করার পদক্ষেপ নেবে। সম্প্রতি কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি এই সংগঠনের দায়িত্ব দিয়েছেন নানা প্যাটোলকে। তিনি দলের কৃষক ও খেতমজুর সংগঠনের দায়িত্ব নেওয়ার পরই সংগঠনকে মজবুত করার প্রতি বিশেষ উদ্যোগী হয়েছেন। বৃহস্পতিবার প্রদেশ কংগ্রেস দপ্তরে দলের কৃষক ও খেতমজুর সংগঠনের বৈঠক শেষে এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ তোলেন, কেন্দ্রে মোদি ও রাজ্যে দিদির সরকার হল কৃষক, বেকার ও ছোটো শিল্পবিরোধী। তার জেরেই এরাজ্য সহ সমগ্র দেশে বাড়ছে আত্মহত্যার মতো ঘটনা। বর্তমানে ৫টি রাজ্যে রয়েছে কংগ্রেস পরিচালিত সরকার। সেখানে কৃষিঋণ মকুব করা হচ্ছে। ২৫০০ টাকা প্রতি কুইন্টাল দরে কৃষকদের সমস্ত ধান সরকার কিনছে।

পৌরাণিক ব্যাখ্যা রাজ্যের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জানুয়ারি ঃ রাজ্য সরকার গঙ্গাসাগরের পৌরাণিক ব্যাখ্যা ম্যুরালের মাধ্যমে এবার ফুটিয়ে তুলছে। প্রতিবছর লক্ষাধিক পুণ্যার্থী সাগরমেলায় আসেন। যার সিংহভাগই অন্য রাজ্যের। ক্ষমতাসীন হওয়ার পর গঙ্গাসাগরকে নানাভাবে সাজিয়ে তুলেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার কপিল মুণির মন্দিরের পাশের দেয়ালে ফাইভার গ্লাস দিয়ে ১২টি ম্যুরাল করা হয়েছে। সেখানে বাংলা, হিন্দি ও ইংরেজিতে গঙ্গাসাগরের পুরাণ কাহিনি তুলে ধরা হচ্ছে। যা এবারের মেলায় অন্যতম আকর্ষণ বলে সরকার মনে করে। এই ম্যুরাল পার্কে তৈরি হয়েছে ফাইভার গ্লাসের শিব মূর্তিও। আগামী সপ্তাহে মকর সংক্রান্তি হলেও ইতিমধ্যে বহু পুণ্যার্থী ওখানে গিয়েছেন। রাজ্য সরকারের পক্ষে ওখানে সবরকম নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহও করা হবে। নিরাপত্তারক্ষী ছাড়াও ১২টি ড্রোন নজরদারি চালাবে। থাকছে ৭০০টি সিসিটিভি, ২২০ কিলোমিটার জুড়ে মেটালিক ব্যারিকেড করা হয়েছে। খোলা হচ্ছে কনট্রোল রুম। এবার নবান্ন থেকে সাগরমেলায় অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায় তদারকি ও নজরদারির কাজও করা হবে। সুব্রত মুখোপাধ্যায় সহ বিশিষ্ট মন্ত্রীরা মেলা প্রাঙ্গণে তদারকির কাজ করবেন।

জেল হেপাজত

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ বামপন্থীদের ডাকা দু-দিনের ধর্মঘটকে সফল করতে বুধবার রাস্তায় নেমেছিল সিপিএমের ছাত্র ও যুব সংগঠন। সেই সময় তাদের হাতে একটি স্কুলের পিকআপ ভ্যান ও একটি ট্যাক্সি ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে রণক্ষেত্র হয়ে ওঠে রাজাবাজার এলাকা। পুলিশ তাদের মধ্যে ২২ জনকে গ্রেফতার করে। এদিন তাদের আদালতে তোলা হয়। এসএফআই-এর কলকাতা জেলা কমিটির সদস্য সংগ্রাম চট্টোপাধ্যায় সহ ৫ জনকে একদিনের জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক। বাকি ১৭ জনকে জামিনে মুক্তি দেন। এদিকে, ধর্মঘটে যোগ দেওয়া বাম কর্মীদের একাধিক জায়গায় কাজে যোগ দিতে বাধা দেয় তৃণমূল আশ্রিত কর্মী সংগঠন। বৃহস্পতিবার সকালে কলকাতা পুরসভার ২ নম্বর ওয়ার্ডের সিঁথি এলাকায় ওষুধ তৈরির কারখানায় সিটু সমর্থিত কর্মীরা কাজে যোগ দিতে গেলে আইএনটিটিইউসির সমর্থক শ্রমিকরা তাঁদের বাধা দেয় বলে অভিযোগ। সিটুর রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য দেবাশিস রায় বলেন, কারখানার ৮০ জন কর্মীর মধ্যে ৩৪ জন কর্মী ধর্মঘটে শামিল হওয়ায় এদিন তাদের ধাক্কা দিয়ে বের করে দেওয়া হয়।

তিনটি অগ্নিকাণ্ড

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ কলকাতায় ফের ৩টি অগ্নিকাণ্ড। ঘটনায় ব্যাপক ক্ষয়ক্ষতি হলেও হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। প্রথম ঘটনাটি ঘটে গড়ফা থানার রামলাল বাজারের কাছে। একটি ডেকরেটারের বন্ধ গুদাম থেকে ধোঁয়া দেখতে পান স্থানীয় বাসিন্দারা। দমকলের ৫টি ইঞ্জিন আড়াই ঘণ্টার চেষ্টায় আগুন আয়ত্তে আনে। পরের ঘটনা পূর্ব শহরতলির তিলজলা থানার ব্রিকফিল্ড লেনে। একটি ব্যাগ তৈরির কারখানা বুধবার রাতে আগুন লেগে ভস্মীভূত হয়। ঘিঞ্জি এলাকায় তিন তলা বাড়ির উপরের তলায় কারখানাটি হওয়ায় দমকলকর্মীদের আগুন নেভাতে হিমসিম খেতে হয়। এদিকে, দমকলকর্মীদের অনুমান কারখানায় প্রচুর পরিমাণ দাহ্যবস্তু মজুত থাকায় দ্রুত আগুন ছড়ায়। ঘটনাস্থলে পৌঁছোয় দমকলের ৭টি ইঞ্জিন। শেষপর্যন্ত বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন আয়ত্তে আসে। অন্যদিকে, বৃহস্পতিবার সকালে বেহালার বসাক বাগানে একটি বন্ধ ফ্ল্যাটে অগ্নিকাণ্ড ঘটে। স্থানীয় বাসিন্দারা দমকলে খবর দিলে তাদের ৪টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছোয়।

রূপান্তরকামীদের অনুষ্ঠানে হামলা, রিপোর্ট চাইল আদালত

কলকাতা, ১০ জানুয়ারি ঃ গত বছর এপ্রিলে রবীন্দ্র সদনের পাশে রূপান্তরকামী মহিলারা একটি অনুষ্ঠান করতে গিয়ে অন্য একটি সংগঠনের লোকজনের হাতে নিগৃহীত হন বলে অভিযোগ। এমনকি তাঁদের শ্লীলতাহানি করা হয় বলেও দাবি করা হয়। প্রায় একবছর হতে চলল অথচ হেস্টিংস থানা কোনো পদক্ষেপ করেনি। পুলিশের ভূমিকায় অসন্তুষ্ট কলকাতা হাইকোর্ট। এই বিষয়ে আগামী ৩১ জানুয়ারি রাজ্যের কাছে রিপোর্ট চেয়েছেন বিচারপতি তপোব্রত চক্রবর্তী।

গত বছর এপ্রিলে রবীন্দ্র সদন চত্বরের পাশে রানুছায়া মঞ্চে সন্ধেবেলা 'অ্যাসোসিয়েশন অফ ট্রান্সজেন্ডার হিজড়া ইন বেঙ্গল'-এর একটি অনুষ্ঠান ছিল। অন্য একটি সংগঠনেরও অনুষ্ঠান ছিল ঠিক এর আগে। এদিকে, ট্রান্সজেন্ডারদের অনুষ্ঠানের সময় হয়ে গেলেও মঞ্চ ছেড়ে দেওয়া হয়নি বলে অভিযোগ। এই নিয়ে দু'পক্ষের মধ্যে অশান্তি বাধে। এক মহিলা এবং তাদের সংগঠনের কয়েকজন রূপান্তরকামী মহিলাকে শ্লীলতাহানি, মারধর করা হয় বলে অভিযোগ। হেস্টিংস থানায় নির্যাতিতারা লিখিত নালিশ জানাতে গেলেও পুলিশ প্রথমে তা গ্রহণ করেনি বলে অভিযোগ। পরে ৩৫৪ ধারায় শ্লীলতাহানির অভিযোগ দায়ের হয়। কিন্তু গত বছর এপ্রিল থেকে হেস্টিংস থানা কোনো তদন্তই করেনি বলে নির্যাতিতাদের আইনজীবী ইন্দ্রজিৎ দে-র অভিযোগ। বিচারপতি তপোব্রত চক্রবর্তীর এজলাসে বৃহস্পতিবার আইনজীবী ইন্দ্রজিৎ বলেন, রূপান্তরকামী মহিলাদের ছাড়া আরও এক মহিলারও শ্লীলতাহানি করা হয়। অথচ এখনও পর্যন্ত নির্যাতিতাদের কারও ম্যাজিস্ট্রেটের কাছে গোপন জবানবন্দি রেকর্ডের ব্যবস্থা করা হয়নি। এমনকি এই ঘটনায় পুলিশ আজও কাউকে গ্রেফতার করেনি। কিন্তু সরকারি আইনজীবীর বক্তব্য, দু'পক্ষের মধ্যে একটা অশান্তি হয়েছিল। দু'পক্ষই হেস্টিংস থানায় অভিযোগ জানায়। পুলিশ ঘটনার তদন্ত করছে। ফলে এই মামলাটি করার কোনো যৌক্তিকতা নেই। ওখানে কোনো মহিলা যে ছিল সেটাই জানতাম না। তারিখ নির্ধারিত হলেই নির্যাতিতার গোপন জবানবন্দি রেকর্ড করা হবে ম্যাজিস্ট্রেটের কাছে। কিন্তু একজন মহিলার গোপন জবানবন্দি কেন এখনও নেওয়া গেল না তা বিস্মিত করেছে কোর্টকেও।

বিরোধীদের কুপোকাত করতে মমতাই যথেষ্ট

হাওড়া, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকা ব্রিগেড সমাবেশকে সফল করার দাবিতে বৃহস্পতিবার হাওড়ার কুলগাছিয়ায় অনুষ্ঠিত এক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, সতীদাহ প্রথা রদ করার ব্যাপারে রাজা রামমোহন রায় তৎপর হয়েছিলেন। তাঁকেও অনেক চমক, ধমক সহ্য করতে হয়েছিল। কিন্তু তিনি তাতে কর্ণপাত না করে নিজের লক্ষ্যপথে চলে সফল হয়েছিলেন। আজ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও দেশের রাজনীতির খোলনলচে বদলানোর জন্য তৎপর হয়েছেন। তাঁকেও সহ্য করতে হচ্ছে অনেক চমক, ধমক। কিন্তু রাজ্যবাসী জানেন, যতই বাধাবিপত্তি আসুক না কেন মুখ্যমন্ত্রী সমস্ত বাধাবিঘ্ন উপেক্ষা করে নিজের কাজে সফল হবেনই। তিনি হবেন আগামী দিনের প্রধানমন্ত্রী।

দাবি অভিষেকের

বুধবার দলের এক সাংসদ দলত্যাগ করে বিজেপিতে যোগ দেওয়ার বিষয়ে কটাক্ষ করে বলেন, আগে দুর্নীতিগ্রস্তরা লাল জামা পরত। আজ তারা লালের পরিবর্তে গেরুয়া জামা পরছেন। কিন্তু যাঁরা আজ দুর্নীতিগ্রস্তদের নিজের দলে আশ্রয় দিচ্ছেন তাঁরা যেন ভুলে না যান যে, মমতা বন্দ্যোপাধ্যায় চাইলে একজন নয় ৫০ লক্ষ মুকুল-সৌমিত্র গড়তে পারেন। তিনি বলেন, অন্যের টাকা তাঁরা নয়ছয় করেন না। তাই আগামী দিনে দেশকে পরিচালনার দায়িত্ব নেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ব্রিগেডে দেশের রাজনীতির একঝাঁক নক্ষত্রের সমাবেশ দেশের আগামী দিনের ভবিষ্যৎ নির্ণয় করবে বলে তিনি জানান। সেই সঙ্গে তিনি দাবি করেন, সমস্ত বিরোধীদের কুপোকাত করতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একাই যথেষ্ট।

মিড-ডে মিল খেয়ে অসুস্থ ৬২

হাসপাতালে দেখতে গেলেন মন্ত্রী

বর্ধমান, ১০ জানুয়ারি ঃ কালনার বাঘনাপাড়া প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল খেয়ে অসুস্থ হয়ে পড়েছে ৬২ জন পড়ুয়া। তারা সকলেই কালনা হাসপাতালে চিকিৎসাধীন। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, বুধবার রাত ৯টা পর্যন্ত ১৫ জন পড়ুয়া হাসপাতালে ভরতি হয়। বৃহস্পতিবার সকাল পর্যন্ত সেই সংখ্যাটা দাঁড়ায় ৬২টিতে। অভিভাবকরা চিকিৎসককে জানিয়েছেন, মিড-ডে-মিল খাওয়ার পরেই তারা অসুস্থ হয়ে পড়ে। পড়ুয়াদের চিকিৎসার জন্য এদিন বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল থেকে স্বাস্থ্য দপ্তরের বিশেষ মেডিকেল টিম কালনা হাসপাতালে যায়। জেলা প্রশাসনের নির্দেশে ঘটনার উচ্চপর্যায়ের তদন্ত শুরু হয়েছে। বুধবার রাতেই কালনা হাসপাতালে যান মন্ত্রী স্বপন দেবনাথ, কালনা পুরসভার চেয়ারম্যান দেবপ্রসাদ বাগ, কালনা থানার ওসি প্রণব বন্দ্যোপাধ্যায়। কালনা হাসপাতালের সুপার চিকিৎসক কৃষ্ণচন্দ্র বরাই জানিয়েছেন, বুধবার রাত থেকে বাঘনাপাড়া প্রাথমিক বিদ্যালয়ের বহু পড়ুয়া জ্বর, বমি ও মাথাব্যথা নিয়ে হাসপাতালে ভরতি হয়েছে। তাদের সকলের চিকিৎসা চলছে। সকলের অবস্থা স্থিতিশীল। শিশুদের পর্যবেক্ষণে রাখা হয়েছে।

স্বপন দেবনাথ বলেন, 'শিশুদের চিকিৎসার সমস্ত ব্যবস্থা করা হয়েছে। অসুস্থতার কারণ কী তাও খোঁজ নেওয়া হচ্ছে।' বিদ্যালয়ের প্রধান শিক্ষক পৃথ্বীশ চৌধুরি বলেন, 'বুধবার পড়ুয়ারা মিড-ডে মিল খায়। সেদিন তাদের আয়রন ট্যাবলেটও দেওয়া হয়েছিল। হঠাৎই বুধবার রাতে তাদের অসুস্থতার খবর পাই। চিকিৎসকরা জানিয়েছেন, তারা সকলে এখন ভালো আছে। ঘটনাটি খতিয়ে দেখা হবে।' যদিও অভিভাবকরা জানিয়েছেন, বুধবার স্কুল থেকে ফেরার পরে পড়ুয়াদের পেটব্যথা, মাথাব্যথা, জ্বর এসব উপসর্গ দেখা দেয়। তারপর তাদের কালনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

শিশুদের হাসপাতালে দেখতে গিয়েছেন বিধায়ক। ছবি ঃ প্রদীপ চট্টোপাধ্যায়

ফের শুট আউট নোদাখালিতে

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ সোদপুর, জয়নগর, দমদম ক্যানটমেন্টের পর মাত্র তিনদিন আগেই শুটআউটের ঘটনা ঘটে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর এলাকায়। এবার একই জেলার নোদাখালি থানার বরুর কলেজ এলাকায় গতকাল ফের শুটআউটের ঘটনা ঘটে। পুলিশ সূত্রে খবর, বুধবার সন্ধ্যাবেলায় সত্যেন দাস নামের এক জমির দালাল চা খেয়ে ফিরছিলেন। সেই সময়ই তাকে লক্ষ্য করে দুষ্কৃতীরা পরপর গুলি চালাতে থাকে। দুটি গুলি লক্ষ্যভ্রষ্ট হলেও ১টি লাগে সত্যেনের গায়ে। গুরুতর আহত অবস্থায় সত্যেনকে কলকাতার একটি হাসপাতালে ভরতি করা হয়।

এই ঘটনার পরই দুষ্কৃতীরা চম্পট দেয়। পুলিশ সূত্রে পাওয়া খবরে জানা যায়, জমির দালালি করার সূত্রেই তার সঙ্গে বিরোধ বাধে তারই অপর এক গোষ্ঠীর। তার জেরেই ঘটে ওই শুটআউটের ঘটনা। পুলিশ তদন্তে নামলেও এদিন রাত পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি।

জরিমানায় ছাড়, ট্রাফিকের আদায় ২৯ কোটি

কলকাতা, ১০ জানুয়ারি ঃ বড়ো সাফল্য ট্রাফিকের। গত ডিসেম্বরের ১ তারিখ থেকে ১৪ জানুয়ারির মধ্যে বকেয়া জরিমানার উপরে রাজ্যের ট্রাফিক পুলিশ যে ৬৫ শতাংশ ছাড়ের কথা ঘোষণা করেছিল তার ফলে ইতিমধ্যেই ২৯ কোটি টাকা আদায় হয়েছে বলে পুলিশ কর্তাদের দাবি। পরিসংখ্যান অনুযায়ী প্রায় ৭৬ লক্ষ ট্রাফিক মামলা ইতিমধ্যেই মিটে গিয়েছে। মামলা বাবদ ৮২ কোটি টাকা পাওনা ছিল ট্রাফিক পুলিশের। কিন্তু ছাড়ের কথা ঘোষণা করায় তড়িঘড়ি নিজেদের অধিকাংশ বকেয়া মামলা মিটিয়ে নিয়েছেন গাড়ির মালিকরা। যার ফলে নির্ধারিত সময় শেষ হওয়ার আগেই ২৯ কোটি টাকা আদায় হয়েছে। এক পুলিশ কর্তার দাবি, এই 'ওয়ান টাইম ট্রাফিক ফাইন সেটেলমেন্ট স্কিম' অনুযায়ী সুবিধা হয়েছে গাড়ির মালিকদের। বহু মামলাও মিটেছে। কোনো মালিকের উপর পরপর অনেকগুলি মামলা চেপে গেলে তিনি একসঙ্গে অত টাকা দিতে রাজি হতেন না। ফলে বকেয়া মামলা ঝুলেই থাকত।

সৃঞ্জয়কে ইডির জেরা

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ ফের ইডির জেরার মুখে পড়লেন তৃণমূলের প্রাক্তন সাংসদ তথা মোহনবাগান কর্তা সৃঞ্জয় বসু। বৃহস্পতিবার তাঁকে ফেমা মামলায় জিজ্ঞাসাবাদের জন্য ডাকে ইডি। এ দিন বেলা আড়াইটা নাগাদ সৃঞ্জয় বসু বিধাননগরের সিজিও কমপ্লেক্সে গিয়ে হাজির হন। ইডির গোয়েন্দারা তাঁকে টানা সাড়ে তিন ঘণ্টা জেরা করে ছেড়ে দেন। তবে তাঁর বয়ান রেকর্ড করার জন্য ফের ডাকা হবে বলেও জানিয়ে দেন তাঁরা।

সিবিআই হানা ঃ বৃহস্পতিবার সিবিআই গোয়েন্দারা বেআইনি অর্থলগ্নি সংস্থার ৬টি দপ্তরে হানা দিয়ে বেশ কিছু অর্থ ও নথি সংগ্রহ করেছে বলে সিবিআই সূত্রে পাওয়া খবরে জানা গিয়েছে। জানা গিয়েছে যে, সিবিআই-এর ৪০জন গোয়েন্দার দল ৬টি দলে ভাগ হয়ে মধ্য কলকাতা, বারাসত, বেহালা সহ মঙ্গলম অ্যাগ্রো প্রোডাক্টস লিমিটেডের ৬টি দপ্তরে হানা দেয়। ওই সংস্থাটি সেবি ও রিজার্ভ ব্যাংকের অনুমতি ছাড়াই বিভিন্ন বিপণির আড়ালে কয়েক কোটি টাকা বেআইনিভাবে সংগ্রহ করে। ইতিমধ্যেই অর্থলগ্নিকারীরা তাদের টাকা ফেরত না পেয়ে দফায় দফায় বিভিন্ন দপ্তরে হামলা চালায়।

অস্বাভাবিক ভ্রূণের গর্ভপাত নিয়ে মামলার শুনানি হবে আজ

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ নিজের অস্বাভাবিক ভ্রূণের আইনি গর্ভপাত করাতে কলকাতা হাইকোর্টে আর্জি জানিয়েছেন এক গৃহবধূ। বর্তমানে তিনি ২৪ সপ্তাহেরও বেশি অন্তঃসত্ত্বা। আইন অনুযায়ী, ২০ সপ্তাহ পার হয়ে গেলেই গর্ভপাত করাতে আদালতের অনুমতি নিতে হয়। তাই যোধপুর পার্কের এক গৃহবধূ হাইকোর্টে মামলা করেছেন। বিচারপতি তপোব্রত চক্রবর্তী বৃহস্পতিবার রাজ্য সরকারকে তার বক্তব্য জানাতে বলেছে। শুক্রবার দুপুর ১টায় ফের শুনানি হবে। এজলাসে গৃহবধূর স্বামীকেও উপস্থিত থাকতে বলেছে কোর্ট।

লেক থানার যোধপুর পার্কের রহিম ওস্তাগার রোডের এক গৃহবধূ গত ৮ জানুয়ারি হাইকোর্টে মামলা করেন। বৃহস্পতিবার তাঁর আইনজীবী অমিতাভ ঘোষ বিচারপতি তপোব্রত চক্রবর্তীর এজলাসে বলেন, মহিলা বর্তমানে ২৪ সপ্তাহের বেশি অন্তঃসত্ত্বা। গত ডিসেম্বরে এসএসকেএম এবং কলকাতার আরও এক স্ত্রীরোগ বিশেষজ্ঞ বিভিন্ন পরীক্ষানিরীক্ষা করে জানান, গৃহবধূর গর্ভস্থ ভ্রূণ অস্বাভাবিক। ব্রেনে কিছু সমস্যা রয়েছে। শিশুটি জন্মালে বেশিদিন বাঁচবে না। এমনকি গৃহবধূরও জীবনসংশয় হতে পারে। কিন্তু যেহেতু ১৯৭০ সালের টার্মিনেশন অব প্রেগন্যান্সি আইনের ৩ ধারা অনুযায়ী ২০ সপ্তাহ পর্যন্ত গর্ভপাত করাতে অনুমতির দরকার না থাকলেও এরপরের ক্ষেত্রে আদালতের অনুমতি নিতে হয়, তাই কোনো চিকিৎসকই গর্ভপাত করাতে রাজি হননি। তাই আদালতের অনুমতি দরকার। কারণ মহিলার জীবনের প্রতিটি মুহূর্তই এখন অত্যন্ত মূল্যবান। এদিকে রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল অভ্রতোষ মজুমদার বলেন, এনিয়ে সরকারের বক্তব্য শুক্রবার জানাব। কোর্ট গৃহবধূর স্বামীকেও আজ দুপুর ১টায় শুনানির সময় কোর্টে উপস্থিত থাকতে বলেছে।

পুরপ্রতিনিধি হিসেবে শপথ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জানুয়ারি ঃ সদ্য বিপুল ভোটে জয়ী হওয়া কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম পুরপ্রতিনিধি হিসেবে শপথ নিলেন। একইদিনে শপথ নিলেন বেহালার ১১৭ নম্বর ওয়ার্ডের তরুণ পুরপ্রতিনিধি অমিত সিংও। তাঁদের শপথবাক্য পাঠ করান নগরোন্নয়ন ও পুরসভা বিভাগের প্রধান সচিব সুব্রত গুপ্ত। বামফ্রন্ট ও বিজেপি পুরপ্রতিনিধিরা অবশ্য শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন না। এদিন পুর কমিশনার খলিল আহমেদ দুই নতুন পুরপ্রতিনিধিকে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানান। মেয়রের শপথগ্রহণ নিয়ে এদিন পুরভবনে শাসকদলের সদস্যদের মধ্যে রীতিমতো উৎসবের মেজাজ লক্ষ করা যায়।

বিক্ষোভ মিছিল

কলকাতা, ১০ জানুয়ারি (সংবাদ) ঃ কৃষিঋণ মকুব, গো-রক্ষার নামে দলিত ও সংখ্যালঘুদের উপর হামলা বন্ধ সহ একগ